# ছাত্রলীগের ৫ নেতা বহিষ্কার

**পদবঞ্চিতদের মারধর**


**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●**
ছাত্রলীগের ৩০১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষণার পর এতে বিতর্কিতদের স্থান দেওয়া হয়েছে অভিযোগ তুলে পদবঞ্চিতদের সংবাদ সম্মেলনে হামলার ঘটনায় সংগঠনটির পাঁচ নেতাকর্মীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যায় বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন ও সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, জিয়া হল শাখা ছাত্রলীগের কর্মী সালমান সাদিককে সংগঠন থেকে আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া বিজ্ঞান অনুষদ ছাত্রলীগের সাধারণ সম্পাদক গাজী মুরসালিন অনু, জিয়া হল ছাত্রলীগ সদস্য কাজী সিয়াম, জিয়া হল ছাত্রলীগের কর্মী সাজ্জাদুল কবির এবং সাবেক কেন্দ্রীয় কমিটির সদস্য জারিন দিয়াকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে ডাকসুর কমনরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক এবং রোকেয়া হল শাখা ছাত্রলীগের সভাপতি বিএম লিপি আক্তার, জিয়া হল সংসদের জিএস ও শাখা ছাত্রলীগের পরিকল্পনা ও কর্মসূচি বিষয়ক সম্পাদক হাসিবুর রহমান শান্তকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ১৩ মে ইফতারপরবর্তী মধুর ক্যান্টিনে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ও অপ্রীতিকর ঘটনায় গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী এ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শেয়ার


কালো কাচের ভয়ঙ্কর মাইক্রোবাস
প্রাথমিকে নিয়োগ হবে না নতুন প্রধান শিক্ষক
এনইসিতে উঠছে আজ
আসছে দুই লাখ ২৭শ কোটি টাকার এডিপি
সংরক্ষিত আসনে বিএনপির এমপি


Valueimpression